



নির্বাচন সামনে রেখে অপতথ্যের চ্যালেঞ্জের কথা জানালেন শফিকুল আলম



প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। ছবি: সংগৃহীত

আসন্ন জাতীয় নির্বাচন ও গণভোট ঘিরে ব্যাপক অপতথ্যের চাপ সামাল দিতে হচ্ছে বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি বলেন, বিভিন্ন মহল থেকে ছড়ানো বিভ্রান্তিকর তথ্য জনমনে সন্দেহ তৈরি করছে, যা পরিস্থিতিকে জটিল করে তুলছে।

সোমবার (২ ফেব্রুয়ারি) দুপুরে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে আয়োজিত এক সংলাপে বক্তব্য দিতে গিয়ে তিনি এ কথা বলেন। এ সময় তিনি উল্লেখ করেন, অপতথ্য প্রতিরোধে সরকারের সক্ষমতা সীমিত হলেও অন্তর্বর্তী সরকার আন্তরিকভাবে দায়িত্ব পালন করে যাচ্ছে।

প্রেস সচিব অভিযোগ করেন, ভারতীয় কিছু গণমাধ্যম নিয়মিতভাবে বাংলাদেশ সম্পর্কে ভুল তথ্য প্রচার করছে। পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যমে নামে-বেনামে খোলা ইউটিউব চ্যানেল থেকেও ভুয়া তথ্য ছড়ানো হচ্ছে বলে জানান তিনি।

পরিস্থিতি মোকাবেলায় আইনের কঠোর প্রয়োগের ওপর জোর দিয়ে শফিকুল আলম বলেন, মিথ্যা সংবাদ প্রচারের কারণে কেউ ক্ষতিগ্রস্ত হলে তার জন্য কার্যকর আইনি প্রতিকার থাকা প্রয়োজন।